

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৫৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি মক্কায় অবস্থানকালে হজ করার নিয়ত করলে, কখন ইহরাম বাঁধবে তার বিবরণ

ذَكَرُ الْوَقْتِ الَّذِي يَهْلُ الْمَرْءُ فِيهِ إِذَا عَزَمَ عَلَى الْحَجِّ وَهُوَ بِمَكَّةَ

আরবী

3755 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ: عَنْ عُبَيْدِ بْنِ جَرِيحٍ أَنَّهُ قَالَ لِعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ رَأَيْتُكَ تَصْنَعُ أَرْبَعًا لَمْ أَرِ أَحَدًا مِنْ أَصْحَابِكَ يَصْنَعُهَا قَالَ: مَا هِيَ يَا ابْنَ جَرِيحٍ؟ قَالَ: رَأَيْتُكَ لَا تَمَسُّ مِنَ الْأَرْكَانِ إِلَّا الْيَمَانِيَيْنِ وَرَأَيْتُكَ تَلْبَسُ النَّعَالَ السَّبْتِيَّةَ وَرَأَيْتُكَ تَصْبُغُ بِالصُّفْرِ وَرَأَيْتُكَ إِذَا كُنْتَ بِمَكَّةَ أَهْلَ النَّاسِ إِذَا رَأَوْا الْهَلَالَ وَلَمْ تُهَلِّ أَنْتَ حَتَّى يَكُونَ يَوْمُ التَّرْوِيَةِ؟ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ: أَمَّا الْأَرْكَانُ فَإِنِّي لَمْ أَرِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَلِمُ إِلَّا الْيَمَانِيَيْنِ وَأَمَّا النَّعَالُ السَّبْتِيَّةُ فَإِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَلْبَسُ النَّعَالَ السَّبْتِيَّةَ الَّتِي لَيْسَ فِيهَا شَعْرٌ وَيَتَوَضَّأُ فِيهَا فَأَنَا أَحَبُّ أَنْ أَلْبَسَهَا وَأَمَّا الصُّفْرُ فَإِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْبُغُ بِهَا وَأَمَّا الْإِهْلَالُ فَإِنِّي لَمْ أَرِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَهْلُ حَتَّى تَنْبَعَثَ بِهِ رَاحِلَتُهُ.

الراوي : عبيد بن جريح | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3755 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1554): ق.

বাংলা

৩৭৫৫. উবাইদ বিন জুবাইর থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহুমা কে জিজ্ঞেস করেন, “হে আবু আব্দুর রহমান, আমি আপনাকে চারটি কাজ করতে দেখেছি, যা আমি আপনার অন্য কোন সঙ্গীকে করতে দেখিনি!” তিনি বলেন, “হে ইবনু জুরাইজ, সেগুলো কী?” তিনি বলেন, “(১) আমি আপনাকে

দেখেছি যে, আপনি কা'বার (চার) রুকনের মাঝে কেবল ইয়ামানের দিকের দুই কোণ স্পর্শ করেন। (২) আমি আপনাকে দেখেছি যে, আপনি পাকানো চামড়ার জুতা পরিধান করেছেন। (৩) আমি আপনাকে দেখেছি যে, আপনি মাথায় মেহেদী দ্বারা চুল রঞ্জিত করেছেন এবং (৪) আমি আপনাকে দেখেছি যে, যখন আপনি মক্কায় থাকেন, তখন লোকজন নতুন চাঁদ দেখলে ইহরাম বাঁধেন আর আপনি তারবিয়ার দিন (৮ই যুল হিজ্জাহ) ইহরাম বাঁধেন।”

তখন আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহুমা বলেন, “রুকনের ব্যাপারে কথা হলো, নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইয়ামানের দিকের (অর্থাৎ দক্ষিণ দিকের) দুই কোণ ছাড়া অন্য রুকনকে স্পর্শ করতে দেখিনি। আর পাকানো চামড়ার জুতা পরিধান করার বিষয়ে কথা হলো, নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পাকানো চামড়ার জুতা পরিধান করতে দেখেছি, যাতে কোন পশম ছিল না। তিনি সেটা পরিধান করে ওয়ূ করেছেন। তাই আমি সেটা পরিধান করতে ভালবাসি। আর মেহেদী দ্বারা চুল রঞ্জিত করার বিষয়ে বক্তব্য হলো, নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মেহেদী দ্বারা চুল রঞ্জিত করতে দেখেছি। আর ইহরাম বাঁধার বিষয়ে কথা হলো, নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইহরাম বাঁধতে দেখিনি, যতক্ষণ না তাঁকে নিয়ে তাঁর বাহন (৮ই যুল হিজ্জাহ মিনার উদ্দেশ্যে) রওয়ানা হতো।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩৩; সহীহুল বুখারী: ১৬৬; সহীহ মুসলিম: ১১৮৭; আবু দাউদ: ১৭৭২; শামায়েলে তিরমিযী: ৪৭; নাসাঈ: ১/৮০-৮১; তাহাবী: ২/১৮৪; সুনান বাইহাকী: ৫/৩১; বাগাবী: ১৮৭০; হুমাইদী: ৬৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৪৪৩; মুসনাদ আহমাদ: ২/১৭-১৮; ইবনু মাজাহ: ৩৬২৬; দারেমী: ১/৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৫৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93092>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন